২৭।৩।২০০১

দৈনিক সংবাদ

~~দৈনিক ইত্তেফাক~~

তারিখ ...........
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# পরীক্ষায় গ্রেডিং পদ্ধতি ঃ শিক্ষকদের চাকরিচ্যুতির খবর সত্য নয়

এসএসসি পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে ফলাফল প্রকাশের বিষয়ে অযথা গুজব বা ভিত্তিহীন খবর না ছড়ানোর আহ্বান জানিয়েছেন শিক্ষক সমিতি ফেডারেশন নেতৃবৃন্দ।

ফেডারেশনের সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ গতকাল এক বিবৃতিতে গ্রেডিং পদ্ধতি চালু হলে ৩২ হাজার শিক্ষক চাকরি হারাবেন বলে একটি শিক্ষক সংগঠনের দেয়া বক্তব্য সঠিক নয় বলে উল্লেখ করেন।

বিবৃতিতে তিনি বলেন, গ্রেডিং পদ্ধতি বাংলাদেশের প্রেক্ষাপটে নতুন একটি বিষয় বিধায় শিক্ষক শিক্ষার্থী অভিভাবক অনেকের কাছেই বিষয়টি এখনো স্পষ্ট নয়। বিভিন্ন দেশে প্রচলিত গ্রেডিং পদ্ধতির সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশের অবস্থা বিবেচনায়

খবর ঃ পৃঃ ২ কঃ ৩

## খবর ঃ সত্য নয়

(১ম পৃষ্ঠার পর)

নিয়ে এ ব্যবস্থায় এখনও প্রচুর আলোচনা-পর্যালোচনা ও প্রস্তাবনা পেশের সুযোগ রয়েছে। পরীক্ষা পদ্ধতির আশু সংস্কারের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি অবশ্যই সমর্থনযোগ্য। এ ব্যবস্থা প্রবর্তিত হলে ৩২ হাজার শিক্ষক চাকরি হারাবেন বলে আতঙ্ক সৃষ্টির প্রয়াস প্রকারান্তরে এদেশের পরীক্ষা ব্যবস্থায় দীর্ঘদিন ধরে প্রত্যাশিত সংস্কারের বিরুদ্ধেই যাবে। তাছাড়া গ্রেডিং পদ্ধতির কারণে কোন শিক্ষকের কেন চাকরি যাবে তাও আমাদের বোধগম্য নয়।